

## আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ৭৮

১/ ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/৫৪. ঈমানের সত্যতা ও বিশুদ্ধতা।

### بَابُ صِدْقِ الْإِيمَانِ وَإِخْلَاصِهِ (178)

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَمَّا نَزَلَتْ ۚ الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا  
إِيمَانَهُمْ بِظُلْمٍ ۚ (الأنعام : 82) بِظُلْمٍ شَقَّ ذَلِكَ عَلَى الْمُسْلِمِينَ فَقَالُوا يَا رَسُولَ اللَّهِ أَيْنَا لَا  
يَظْلِمُ نَفْسَهُ قَالَ لَيْسَ ذَلِكَ إِنَّمَا هُوَ الشِّرْكُ أَلَمْ تَسْمَعُوا مَا قَالَ لُقْمَانُ لِابْنِهِ وَهُوَ يَعِظُهُ ۚ يَا  
بُنَيَّ لَا تُشْرِكْ بِاللَّهِ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ ۚ (لقمان : 13)

বাংলা

৭৮. 'আবদুল্লাহ (ইবনু মাস'উদ) (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, যখন এ আয়াতে কারীমা নাযিল হলঃ যারা ঈমান এনেছে এবং তাদের ঈমানকে যুলমের দ্বারা কলুষিত করেনি- তখন তা মুসলিমদের পক্ষে কঠিন হয়ে গেল। তারা আরয করলেন, হে আল্লাহর রসূল! আমাদের মধ্যে কোন্ ব্যক্তি আছে যে নিজের উপর যুলম করেনি? তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এখানে অর্থ তা নয় বরং এখানে যুলমের অর্থ হলো শিরক। তোমরা কি কুরআনে শুননি লুকমান তাঁর ছেলেকে নাসীহাত দেয়ার সময় কী বলেছিলেন? তিনি বলেছিলেন, "হে আমার বৎস! তুমি আল্লাহর সঙ্গে শিরক করো না। কেননা, নিশ্চয়ই শিরক এক মহা যুলম।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬: হায়, অধ্যায় ১, হাঃ ৩৪২৯; মুসলিম, পর্ব ১: ঈমান, অধ্যায় ৫৫, হাঃ ১২৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=32588>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন